***মূলশব্দাবলী***
*সন্তান/ সন্তানাদি*
*দায়িত্ব/আমানত*
*লালন করা/ পথ প্রদর্শন করা*
*চরিত্র*

**Majlis Ugama Islam Singapura**

**Friday Sermon**

**3 October 2025 / 11 Rabiulakhir 1447H**

# আমাদের সন্তানঃ মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার দান, একটি আমানত ও জীবনের পরীক্ষাস্বরূপ

**ٱلْحَمْدُ لِلَّهِ ٱلَّذِي أَرْسَلَ رَسُولَهُۥ بِٱلْهُدَىٰ وَدِينِ ٱلْحَقِّ لِيُظْهِرَهُۥ عَلَى ٱلدِّينِ كُلِّهِۦ وَكَفَىٰ بِٱللَّهِ شَهِيدًا. أَشْهَدُ أَنْ لَا إِلَٰهَ إِلَّا ٱللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ نَبِيَّنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. ٱللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ ٱللَّهِ، ٱتَّقُوا ٱللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ.**

## যুমরাতুল মুমিনীন রহিমাকুমুল্লাহ,

আসুন, আমরা আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার প্রতি তাকওয়া বৃদ্ধি করি। তাঁর নির্দেশ যথাযথভাবে পালন করি এবং তাঁর সব নিষেধাজ্ঞা থেকে দূরে থাকি।

এছাড়াও, আমাদের সন্তান-সন্ততি ও পরিবার-পরিজনের প্রতি যে দায়িত্ব অর্পিত হয়েছে, তা সর্বোত্তমভাবে পালন করার চেষ্টা করি।

আল্লাহ্ তা'আলা আমাদের সবাইকে তাঁর জান্নাতে একত্রিত করুন। আমীন, ইয়্যা রব্বাল 'আলামীন।

**প্রিয় ভাইয়েরা আমার,**

কখনও কি আমাদের কোনো ছোট শিশু এ প্রশ্ন করেছে – আমরা কেন দিনে পাঁচ ওয়াক্ত নামাজ পড়ি? শুধু একবার পড়লেই কি হতো না ? অথবা, কেউ আমাদের প্রতি অন্যায় করলে আমরা কেন তার প্রতিশোধ একইভাবে নিতে পারি না?

এই নিষ্পাপ প্রশ্নগুলোর আড়ালে, যা শিশুর পবিত্র হৃদয় থেকে উৎসারিত হয়, লুকিয়ে আছে তাদেরকে ঈমান, সুন্দর চরিত্র ও দায়িত্ববোধের সঙ্গে পথ দেখানোর প্রয়োজনীয়তা ও গুরুত্ব। এটাই হলো সন্তান প্রতিপালনের চ্যালেঞ্জ—একটি গুরুদায়িত্ব, যা জ্ঞান ও প্রজ্ঞার মাধ্যমে পালন করতে হয়।

নিশ্চয়ই, আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন যে সন্তানরা একটি পরীক্ষাস্বরূপ। সূরা আত-তাগাবুনের ১৫ নং আয়াতে তিনি বলেছেন;

إِنَّمَآ أَمْوَٰلُكُمْ وَأَوْلَٰدُكُمْ فِتْنَةٌۚ وَٱللَّهُ عِندَهُۥٓ أَجْرٌ عَظِيمٌ ١٥

**অর্থঃ** *নিশ্চয়ই, তোমাদের সম্পদ ও সন্তান-সন্ততি কেবলই পরীক্ষা; আর আল্লাহ্র নিকট রয়েছে মহাপুরস্কার।*

**জুম্মায় আগত সম্মানিত মুসল্লিগণ,**

সন্তান-সন্ততি নিঃসন্দেহে একটি বরকতস্বরূপ, তবে একইসাথে তা বাবা-মায়ের জন্য একটি পরীক্ষাও বটে। সন্তানদের মাধ্যমেই মানুষকে পরীক্ষা করা হয়—সে কতটা দৃঢ়ভাবে আল্লাহর আনুগত্যে অটল থাকতে পারে।

তবে, আল্লাহর আনুগত্য মানে এই নয় যে আমরা সন্তানদের প্রতি আমাদের দায়িত্ব উপেক্ষা করব। বরং, আল্লাহকে আমাদের জীবন ও পারস্পরিক সম্পর্কের কেন্দ্রে স্থাপন করার মাধ্যমেই আমরা অনুপ্রাণিত

হই সন্তানদের শিক্ষাদান ও চরিত্র গঠনে সর্বোত্তম প্রচেষ্টা প্রদানের জন্য।ওরেআল-ইমাম ইবনুল কাইয়্যিম (রহ.), তাঁর গ্রন্থ *তুহফা'তুল মা'ওলুদ*-এ ব্যাখ্যা করেছেন যে, এমন কিছু পিতা-মাতা আছেন যাঁরা তাদের সন্তানদের প্রতি অবিচার করেন—তাদের নিজেদের খেয়ালখুশি ও আকাঙ্ক্ষা অনুসরণ করতে দেন, শাসন করেন না, ধর্মীয় দিকনির্দেশনা দেন না—এবং মনে করেন এটাই প্রকৃত ভালোবাসা। বাস্তবে এটি হতে পারে অবহেলার এক রূপ, যা সন্তানের ভবিষ্যৎকে ধ্বংস করে দিতে পারে—দুনিয়া ও আখেরাত উভয় ক্ষেত্রেই।

**মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার অনুগ্রহপ্রাপ্ত সম্মানিত সুধী,**

সন্তানরা আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার অন্যতম বড় আমানত ও নেয়ামত—এটা উপলব্ধি করার পর আমাদের কী কী দিককে অগ্রাধিকার দিয়ে তাদের লালন-পালন করা উচিত? এ খুতবায় তিনটি মূল স্তম্ভের কথা শেয়ার করা হবে।

**<u>প্রথমত: ধর্মীয় শিক্ষা</u>**

এটাই হলো সন্তানের পরিচয় গঠনের ভিত্তি। পিতা-মাতা সন্তানের প্রশ্নের উত্তর দিয়ে এবং সঠিক দিকনির্দেশনা প্রদানের মাধ্যমে পথপ্রদর্শকের ভূমিকা পালন করবেন। যেমন—সৃষ্টি সম্পর্কে: আমাদের স্রষ্টা কে? আমরা কোন উদ্দেশ্যে সৃষ্টি হয়েছি? মৃত্যুর পর আমাদের কী অপেক্ষা করছে?—এ প্রশ্নগুলোর সুন্দর ব্যাখ্যা তাদের জীবনদৃষ্টি গড়ে দিতে সক্ষম।

তাদেরকে মহান ব্যক্তিত্ব রাসূলুল্লাহ (সঃ) সম্পর্কে জানার জন্য আহ্বান করুন। সঠিক আর ভুলের পার্থক্য বোঝাতে দিকনির্দেশ দিন। নামাজ, দোয়া, রোজা ইত্যাদি ইবাদতের চর্চায় তাদেরকে অভ্যস্ত করুন। শুধু উপদেশ বা স্মরণ করিয়ে দেওয়া নয়, বরং আমাদের নিজেদের কাজের মাধ্যমে এসব উদাহরণ তুলে ধরতে হবে এবং ঘরে একটি ইসলামী পরিবেশ তৈরি করতে হবে। যেমন, প্রতিটি কাজের শুরুতে *বিসমিল্লাহ* বলা।

শৈশব থেকেই যদি তাদের জীবনে ধর্মীয় চেতনা ও অনুশীলন সঞ্চারিত হয়, তবে তা তাদের চরিত্রকে প্রকৃত মুসলিম রূপে গড়ে তুলবে এবং জীবনের পরীক্ষাগুলো মোকাবেলায় সর্বোত্তম সম্বল হয়ে উঠবে।

## দ্বিতীয়ত: নৈতিকতা ও সুমধুর চরিত্রের উন্নয়ন

সুন্দর চরিত্র ছোটবেলা থেকেই গড়ে তোলা জরুরি। শিশুদের সততা, নম্রতা ও ধৈর্যের মতো মূল্যবোধ শেখান। তাদেরকে ক্রোধ নিয়ন্ত্রণ করা, সৎ আচরণ অগ্রাধিকার দেওয়া এবং ক্ষমাশীল হওয়ার চর্চা করার শিক্ষা দিন।

আজকাল আমাদের সন্তানরা বিভিন্ন চাপের মুখোমুখি হচ্ছে—যা হতে পারে সহপাঠী ও বন্ধুদের প্রভাব, শিক্ষার প্রতিযোগিতা, এবং সামাজিক মাধ্যমের প্রভাব। এ ক্ষেত্রে সুন্দর চরিত্রের উন্নয়নের গুরুত্ব বিশেষ। এটি তাদের জন্য একটি দিশারী হিসেবে কাজ করবে, যা যেকোনো পরিস্থিতিতে নিজেদের নিয়ন্ত্রণ করতে এবং চাপ সামলাতে সাহায্য করবে।

## তৃতীয়ত: সামাজিক দায়িত্ব ও শিষ্টাচার

শিশুদের মধ্যে পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার গুণ প্রবর্তন করুন—যার শুরু হতে পারে পরিবারের সদস্য, প্রতিবেশী, শিক্ষক ও বন্ধুদের প্রতি শ্রদ্ধাশীল হওয়া থেকে। তাদের শেখান যেন তারা কাউকে ছোট বা অপমান না করে। তাদের উৎসাহ দিন নিজের সুবিধাগুলী অন্যের সঙ্গে ভাগ করে নেয়ার জন্য—যাতে তারা যেমন নিজের জন্য মঙ্গল কামনা করে, তেমনি অন্যের জন্যও ভালো কামনা করে।

সাধারণ কাজ বা সমাজসেবা-এর মতো উদ্যোগের মাধ্যমে অন্যদের দুঃখ-কষ্ট সম্পর্কে সচেতনতা গড়ে তুলুন। এভাবে আমরা তাদের মধ্যে সহমর্মিতার অনুভূতির বিকাশ ঘটাতে পারি, এবং এমন একটি ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তুলতে পারি যারা *ইহসান*—মহত্ত্ব ও ন্যায়পরায়ণতা—অভ্যাসে ধারন করবে।

**উপস্থিত সম্মানিত সুধী,**

উপসংহারে, মনে রাখুন—সন্তানরা মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার পক্ষ থেকে একদিকে একটি বরকত, অন্যদিকে একটি আমানত। একজন শিশু দুনিয়ায় সুখের উৎস হতে পারে এবং ইনশাআল্লাহ, আমাদের জান্নাতের পথে যাত্রা সহজ করার একটি মাধ্যমও হতে পারে।

সুতরাং, আসুন আমরা তাদের প্রতি দয়ালু ও সহানুভূতিশীল হই, এবং তাদের এমনভাবে লালন করি যা মহান চরিত্রে গড়ে তোলা এবং ঈমানের ভিত্তিতে স্থাপন করা। মহান আল্লাহসুবহানাহু ওয়া তা'আলা আমাদেরকে মুসলিম প্রজন্মকে সঠিকভাবে লালন-পালনে নিয়মিত পথপ্রদর্শন করুন। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

**أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.**

## Second Sermon

الحَمْدُ لِلّهِ حَمْدًا كَثِيرًا كَما أَمَر، وَأَشْهَدُ أَن لا إِلَه إِلّا اللهُ وَحْدَهُ لا شَرِيكَ لَه، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُه. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِهِ وَأَصْحابِهِ أَجْمَعِين. أَمّا بَعْد، فَيا عِبادَ الله، اِتَّقُوا اللهَ تَعالَى فِيما أَمَر، وانتَهُوا عَمّا نَهاكُم عَنْهُ وَزَجَر.

أَلا صَلُّوا وَسَلِّمُوا عَلى النَّبِيِّ المُصْطَفَى، فَقَدْ أَمَرَنا اللهُ بِذلِك حَيْثُ قال فِي كِتابِهِ العَزِيز: إِنَّ اللهَ وَمَلائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يا أَيُّها الَّذِينَ ءامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبارِكْ عَلى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِ سَيِّدِنا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفاءِ الرّاشِدِينَ المَهدِيِّينَ سادَاتِنا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمانَ وَعَلِيّ، وَعَن بَقِيَّةِ الصَّحابَةِ وَالقَرابَةِ وَالتّابِعِين، وَتابِعِي التّابِعِين، وَعَنّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِك يا أَرْحَمَ الرّاحِمِين.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِناتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِماتِ، الأَحْياءِ مِنْهُم وَالأَمْواتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنّا البَلاءَ وَالوَباءَ وَالزَّلازِلَ وَالمِحَن، ما ظَهَرَ مِنْها وَما بَطَن، عَن بَلَدِنا خاصَّةً، وَسائِرِ البُلْدانِ عامَّةً، يا رَبَّ العالَمِين. اللَّهُمَّ انْصُرْ إِخْوانَنا المُسْتَضْعَفِينَ فِي غَزَّة وَفِي فِلَسْطِينَ وَفِي كُلِّ مَكانٍ عامَّةً، يا أَرْحَمَ الرّاحِمِين. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يا رَبَّ العالَمِين. اللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلامَ وَالأَمْنَ وَالأَمانَ

لِلْعَالَمِ كُلِّهِ وَلِلنَّاسِ أَجْمَعِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللَّهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذْكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللَّهِ أَكْبَرُ، وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.